17

03 JUL 1996

দৈনিক ইত্তেফাক

# উত্তরাঞ্চলের ১০ সহস্রাধিক গ্রামে প্রাইমারী স্কুল নাই

দিনাজপুর সংবাদদাতা ॥ রাজশাহী বিভাগের ১৬টি জেলায় ২৩ হাজার ৪৯৫টি গ্রামের মধ্যে ১০ হাজার ১৭৩টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। ফলে ৯ লক্ষাধিক শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে।

সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা গিয়াছে, পঞ্চগড় জেলার ৫টি থানার ৪২১টি গ্রামে, ঠাকুরগাঁও জেলার ৫টি থানার ৮৮৫টি গ্রামে, দিনাজপুর জেলার ১৩টি থানার ৩২৫টি গ্রামে, নীলফমারী জেলার ৬টি থানার ১৯৭টি গ্রামে, কুড়িগ্রাম জেলার ৯টি থানার ২৮৫টি গ্রামে, লালমনিরহাট জেলার ৬টি থানার ৭৩টি গ্রামে, রংপুর জেলার ৮টি থানার ৬০৬টি গ্রামে, গাইবান্ধা জেলার ৭টি থানার ২৪৭টি গ্রামে, জয়পুরহাট জেলার ৫টি থানার ১২০টি গ্রামে, বগুড়া জেলার ১১টি থানার ১৩৭৫টি গ্রামে, সিরাজগঞ্জ জেলার ৯টি থানার ৬২৬টি গ্রামে, পাবনা জেলার ৯টি থানার ২১১৮টি গ্রামে, নাটোর জেলার ৬টি থানার ৩০১টি গ্রামে, রাজশাহী জেলার ৬টি থানার ৫৮৭টি গ্রামে এবং নওগাঁ জেলার ১২টি থানার ১৭৬২টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। সবার জন্য শিক্ষা কর্মসূচী সফল করার লক্ষ্যে এই সকল গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার একান্ত প্রয়োজন রহিয়াছে।